C. S. (Main) Exam : 2011

Sl. No. [ ] D–DTN–L–CFB

BENGALI

Paper—II

(Literature)

Time Allowed : Three Hours	Maximum Marks : 300

INSTRUCTIONS

Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any THREE of the remaining questions, selecting at least ONE question from each Section.

The number of marks carried by each question is indicated at the end of the question.

Answers must be written in BENGALI.

Section—A

1. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন এবং নিম্নরেখ পংক্তিগুলি সম্বন্ধে টীকা রচনা করুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দ-সংখ্যার ঊর্ধ্বসীমা *200*) : 20×3=60

(a) এমন পিরীতি কভু দেখি নাই শুনি।
পরাণে পরাণ বাঁধা আপনা আপনি॥
দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া।
তিল আধ না দেখিলে যায় যে মরিয়া॥

Optional Province · optionalprovince.com

(b) সখীর স্বভাব এক অকথ্য কথন।
কৃষ্ণ সহ নিজ লীলায় নাহি সখীর মন॥
কৃষ্ণ সহ রাধিকার লীলা যে করায়।
নিজ কেলি হৈতে তাহে কোটি সুখ পায়॥
রাধার স্বরূপ–কৃষ্ণ প্রেমকল্পলতা।
সখীগণ হয় তার পল্লব পুষ্প পাতা॥

(c) নব-লতিকার, সতি, দিতাম বিবাহ
তরু-সহ; চুম্বিতাম, মঞ্জরিত যবে
দম্পতী, মঞ্জরীবৃন্দে, আনন্দে সম্ভাষি
নাতিনী বলিয়া সবে! গুঞ্জরিলে অলি,
নাতিনী-জামাই বলি বরিতাম তারে।

2. (a) 'সোনার তরী' কাব্যের বিভিন্ন কবিতা থেকে উদ্ধৃতি দিয়ে রবীন্দ্রনাথের সৌন্দর্য-চেতনার স্বরূপ বিশ্লেষণ করুন। 40

(b) 'সোনার তরী'র প্রথম ও শেষ কবিতার সম্পর্কসূত্র উদ্‌ঘাটন করুন। 20

3. (a) বঙ্গদেশের কৃষকদের দুরবস্থার মূল কারণ কি কি—বঙ্কিমচন্দ্র অবলম্বনে লিখুন। 40

(b) প্রবন্ধটি রচনার পঁচিশ বৎসর পরে পুনর্মুদ্রণের পিছনে লেখকের কোন্ মানসিকতা প্রকাশ পেয়েছে, ব্যাখ্যা করুন। 20

4. (a) 'ছিন্নপত্রাবলী'তে রবীন্দ্রনাথের অনেক পূর্ণাঙ্গ সৃষ্টির বীজ দেখতে পাওয়া যায়। এমন কিছু বীজের উল্লেখ করে বিকশিত সৃষ্টিগুলির বিবরণ দিন। 40

(b) পত্রের ব্যক্তিগত ভাবনা সাহিত্যের সর্বজনীন উপলব্ধিতে পৌঁছনোর ব্যাখ্যা করুন। 20

Optional Province · optionalprovince.com

Section—B

5. নিম্নলিখিত অংশের প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন এবং নিম্নরেখ পংক্তিগুলি সম্বন্ধে টীকা রচনা করুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *200*) : 20×3=60

(a) কেন যে এই চোখের জল, ঠিক কি যে তাহার এত বড় দুঃখ, তাহাও সে ভাবিয়া পাইল না, কিন্তু কান্নাকেও সে কোনমতে আয়ত্ত করিতে পারিল না। অদম্য তরঙ্গের মত সে তাহার বুকের ভিতরটা যেন চূর্ণ-বিচূর্ণ করিয়া গর্জিয়া ফিরিতে লাগিল। ..... সকলের নিকট সে যেন জন্মের শোধ বিদায় লইয়া কোথায় কোন্ নিরুদ্দেশে যাত্রা করিয়াছে, বক্ষের মধ্যে তাহার এমনি ব্যথা বাজিতে লাগিল।

(b) জানি না। কাকে মারতে হয় আমি জানি না। ওকে মারতে নেই—তা বুঝি! তবু হয়তো মারতাম। ওকে মানতে পারি না যে! যে নিয়মে সাতবছরের ছেলেকে জুতো পালিশ করতে হয়, আর কোলের ভাইকে রাখতে হয়—সে নিয়মটাকে মানতে পারি না।

(c) শেষের পংক্তিতে যবে থামিবে ওদের ভাগ্যলিখা,
নামিবে অন্তিম যবনিকা,
উত্তাল রজতপিণ্ড—উদ্ধারের শেষ হবে পালা,
যন্ত্রের কিঙ্করগুলো নিয়ে ভস্মডালা
লুপ্ত হবে নেপথ্যে যখন,
পশ্চাতে যাবে না রেখে প্রেতের প্রগল্‌ভ প্রহসন।

6. *(a)* জীবনানন্দ দাশের কবিতার অভিনবত্বের দিকগুলি নিয়ে আলোচনা করুন। 40

(b) জীবনানন্দ কি কি কারণে রবীন্দ্র-পরবর্তী বাংলা কাব্যধারায় শ্রেষ্ঠ ও জনপ্রিয়? 20

Optional Province · optionalprovince.com

7. *(a)* বিষয় ও প্রকাশের সাজুয্যই প্রবন্ধকে ঘনিষ্ঠ করে তোলে। প্রমথ চৌধুরীর প্রবন্ধগুলিতে বিষয়ের গুরুত্ব এবং প্রকাশের সৌহার্দ্য তাঁকে বাংলা প্রবন্ধসাহিত্যের ধারায় কোন্ বিশিষ্ট স্থান নির্দ্ধারণ করে? 40

(b) প্রমথনাথের 'সবুজপত্র' কি কি কারণে ব্যাপক প্রতিষ্ঠা পেয়েছিল তা সূত্রাকারে লিখুন। 20

8. *(a)* মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে কালানুক্রমিক দুটি মানসিকতার পর্ব-ভাগ লক্ষ করা যায়। দুই পর্বের ছোটগল্পগুলি মনে রেখে এই মানসিকতার প্রকাশ বিশ্লেষণ করুন। 40

(b) মানিকের গল্পের ভাষাবৈশিষ্ট্যের পরিচয় দিন। 20

★ ★ ★

Optional Province · optionalprovince.com